ইনকিলাব

তারিখ ... 14 APR 2009
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৫

# প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ১৯ হাজার ৯৭৬ জন ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে

স্টাফ রিপোর্টার

২০০৮ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল গতকাল (সোমবার) প্রকাশিত হয়েছে। এ পরীক্ষায় সারা দেশ থেকে ১৯ হাজার ৯৭৬ জন ট্যালেন্টপুলে এবং ৩০ হাজার ৩০৮ জন সাধারণ বৃত্তি পেয়েছে। পরীক্ষায় অংশগ্রহণকারী মোট ৬ লাখ ৭০ হাজার ৩৪৬ জন পরীক্ষার্থীর মধ্যে সব বিষয়ে উত্তীর্ণ হয়েছে ৪ লাখ ৯৬ হাজার ২৪৮ জন পরীক্ষার্থী। পাসের হার ৭৪

পৃঃ ১৬ ক ৪,৫

## প্রাথমিক বৃত্তি পরীক্ষায়

২০-এর পৃষ্ঠার পর

দশমিক ০৩ শতাংশে। অংশগ্রহণকারী ৩ লাখ ৩২ হাজার ৭১৯ জন বালকের মধ্যে ২ লাখ ৫০ হাজার ৫২৩ জন (শতকরা ৭৫ দশমিক ৩০ ভাগ) এবং ৩ লাখ ৩৭ হাজার ৬২৭ জন বালিকার মধ্যে ২ লাখ ৪৫ হাজার ৭২৫ জন (শতকরা ৭২ দশমিক ৭৮ ভাগ) সব বিষয়ে উত্তীর্ণ হয়েছে। বিষয়ভিত্তিক কৃতকার্যের সংখ্যা বাংলায় শতকরা ৯৪ দশমিক ৫২ ভাগ, ইংরেজিতে ৮৭ দশমিক ৩৮ ভাগ, গণিতে ৮০ দশমিক ১২ ভাগ ও পরিবেশ পরিচিতিতে ৯৭ দশমিক ৪৭ ভাগ। দেশের ছয়টি বিভাগের পরীক্ষার্থীদের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম হয়েছে টাঙ্গাইল জেলার ভূয়াপুর উপজেলার টেপিবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রী সাদিয়া ইসলাম অত্র, দ্বিতীয় হয়েছে ঢাকার ধানমন্ডি গভ: ল্যাবরেটরি হাই স্কুলের ছাত্র সুপান্থ রক্ষিত এবং তৃতীয় হয়েছে চট্টগ্রামের ডবলমুরিং থানার সিলভার বেলস কিডার গার্টেনের ছাত্রী সালসাবিল চৌধুরী। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এসময় মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।